# বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড

৮/সি, আগারগাঁও, শেরেবাংলানগর
ঢাকা-১২০৭।
(Website: www.bteb.gov.bd)

স্মারক: ৫৭.১৭.০০০০.১০৫.৪০.০০৪.২২.৪৬৩ তারিখ: ০৩ সেপ্টেম্বর ২০২৩ খ্রি.

## বিজ্ঞপ্তি

বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের অধীনে জেএসসি (ভোকেশনাল) শিক্ষাক্রম পরিচালনাকারী সরকারি টেকনিক্যাল স্কুল এন্ড কলেজ প্রধানদের নিম্নোক্ত সময়সূচি অনুযায়ি ২০২৩ শিক্ষাবর্ষে ভর্তিকৃত শিক্ষার্থীদের অনলাইনে রেজিস্ট্রেশন কার্যক্রম সম্পন্ন করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

শিক্ষার্থীর ভর্তির যোগ্যতা: কোন অনুমোদিত বিদ্যালয়/মাদ্রাসা হতে প্রাথমিক/ইবতেদায়ী/সমমান পরীক্ষায় উত্তীর্ণসহ সাধারণ/মাদ্রাসা/কারিগরি শিক্ষা ধারায় ৭ম শ্রেণী উত্তীর্ণ।

১. (ক) ডাটা এন্ট্রি: ০৪-০৯-২০২৩ খ্রি. থেকে ১৫-০৯-২০২৩ খ্রি.পর্যন্ত।
(খ) রেজিস্ট্রেশন: ১৬-০৯-২০২৩ খ্রি. থেকে ২১-০৯-২০২৩ খ্রি. পর্যন্ত।
(গ) পেমেন্ট: ১৭-০৯-২০২৩ খ্রি. থেকে ২১-০৯-২০২৩ খ্রি. পর্যন্ত।
(ঘ) ফাইনাল লিস্ট প্রিন্ট: ফি পরিশোধিত হওয়ার পর।

২. ৮ম শ্রেণিতে ভর্তির জন্য শিক্ষার্থীর বয়স ৩১-১২-২০২২ খ্রি. তারিখে ১২+ হতে হবে।

৩. **ই-সেবা প্ল্যাটফর্ম (bteb.gov.bd>ই-সেবা/bteberp.com) এর মাধ্যমে প্রতিষ্ঠানসমূহকে ইউজার ম্যানুয়াল (সংযুক্ত) অনুসারে রেজিস্ট্রেশন কার্যক্রম সম্পাদন করতে হবে।**

৪. ফিসের বিবরণ (শিক্ষার্থী প্রতি): রেজিস্ট্রেশন ফি ১৩০.০০ টাকা, ক্রীড়া ও সাংস্কৃতিক ফি ১০০.০০ টাকা, রেড ক্রিসেন্ট ফি ২৪.০০ টাকা [উল্লেখ্য, রেড ক্রিসেন্ট ফি প্রতি শ্রেণিতে ৬ষ্ঠ, ৭ম ও ৮ম ২০.০০ টাকা (৬০% বা ১২.০০ টাকা প্রতিষ্ঠানে রেখে অবশিষ্ট ৪০% বা ৮.০০ টাকা বোর্ড প্রাপ্য) হারে বোর্ড প্রাপ্য (৮+৮+৮)=২৪.০০ টাকা।], স্কাউট/গার্লস গাইড ফি ৩০.০০ টাকা, বিজ্ঞান ও প্রযুক্তি ফি ৭.০০ টাকা (৩০% বা ৩.০০ টাকা সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান পাবে এবং ৭০% বা ৭.০০ টাকা বোর্ড পাবে।) ও ভর্তি/পুন:ভর্তি ফি ১০.০০ টাকা সহ সর্বমোট ৩০১.০০ (তিনশত এক) টাকা হারে একত্রে প্রতিষ্ঠান প্রতি সোনালী পেমেন্ট গেটওয়ের মাধ্যমে প্রদান করতে হবে।

৫. রেজিস্ট্রেশন কার্ড গ্রহণ করার সময় রেজিস্ট্রেশন ফি জমা দেয়ার প্রমাণক হিসেবে ব্যাংক জমা রশিদ এর মূলকপি অবশ্যই প্রদর্শন করতে হবে।

৬. ২০২২-২৩ অর্থ বছর পর্যন্ত প্রতিষ্ঠানের অ্যাফিলিয়েশন ফি পরিশোধের প্রমাণপত্রের ফটোকপি জমা দিতে হবে।

৭. নির্ধারিত তারিখের মধ্যে রেজিস্ট্রেশন কার্য সম্পন্ন করতে না পারলে সমুদয় দায় প্রতিষ্ঠান প্রধানের উপর বর্তাবে।

৮. প্রতিটি প্রতিষ্ঠানের ৮ম শ্রেণীতে ০২ টি সেকশনে ৬০ জন করে সর্বোচ্চ ১২০ (একশত বিশ) জন শিক্ষার্থীর বেশি রেজিস্ট্রেশন করা যাবে না।

৯. রেজিস্ট্রেশন কার্ড উত্তোলনের সিডিউল পরবর্তীতে বিজ্ঞপ্তির মাধ্যমে জানানো হবে।

০৩/০৯/২৩

(মোহাম্মদ আবদুল্লাহ আল মাহমুদ জামান)
সচিব
বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা
তারিখ: ০৩ সেপ্টেম্বর ২০২৩ খ্রি.

স্মারক: ৫৭.১৭.০০০০.১০৫.৪০.০০৪.২২.৪৬৩(১০)

**অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য:**

১-৫. সচিব/পরিচালক (কারিকুলাম)/পরীক্ষা নিয়ন্ত্রক/পরিদর্শক/পরিচালক (আইটিসি), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
৬. সিস্টেম এনালিস্ট, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা (বিজ্ঞপ্তিটি ওয়েব সাইটে প্রকাশসহ প্রয়োজনীয় কারিগরি সহায়তা প্রদানের অনুরোধ করা হলো)।
৭. উপ-পরীক্ষা নিয়ন্ত্রক (ভোক.), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
৮. কারিকুলাম বিশেষজ্ঞ (ভোক.), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
৯. চেয়ারম্যান মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
১০. সংশ্লিষ্ট নথি।

০৩.০৯.২৩

(প্রকৌ. মোঃ আব্দুল হান্নান)
উপসচিব (রেজিস্ট্রেশন)
ফোন: ০২-৫৫০০৬৫৩৬